# Times Today BD

চট্টগ্রাম | 22 April, 2025

কক্সবাজারের উখিয়ার রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করলেন বিশ্ব ব্যাংকের সাত সদস্যের প্রতিনিধিদল। মঙ্গলবার(২২ এপ্রিল) সকাল ১০ টার দিকে উখিয়ার রোহিঙ্গা ক্যাম্প ২০ এক্সটেনশন পরিদর্শন করে দলটি।পরে ওই ক্যাম্পের 'সমন্বিত সংক্রমণ রোগ ও চিকিৎসা কেন্দ্র' পরিদর্শন করেন।এসময় 'আন্তর্জাতিক অভিবাসন সংস্থার কর্মকর্তা প্রতিনিধি দলকে ওই প্রতিষ্ঠানের চিকিৎসা কার্যক্রম সম্পর্কে জানান।এসময় সেবা গ্রহণ করতে আসা রোহিঙ্গাদের কথা শুনেন ও প্রতিষ্ঠানটির বিভিন্ন সেক্টর ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করেন।

একইদিন সকাল এগারোটার দিকে প্রতিনিধি দলটি ক্যাম্প-১৮ এর ব্লক ই/এল-১৭ এর আন্তর্জাতিক অভিবাসন সংস্থা'কর্তৃক পরিচালিত 'রোহিঙ্গা সাংস্কৃতিক স্মৃতি কেন্দ্র' পরিদর্শন করেন।এসময় রোহিঙ্গা শিল্পীগন তারানা বাজিয়ে গানের মাধ্যমে তাদের কৃষ্টি-সংস্কৃতি তুলে ধরেন। প্রতিনিধি দলে ছিলেন, বিশ্ব ব্যাংকের অপারেশন অফিসার রাফি হোসাইন, সমাজ উন্নয়ন বিশেষজ্ঞ  সাবাহ মঈন, সিনিয়র স্বাস্থ্য বিশেষজ্ঞ গিওর্জি বেলা ফ্রিটশে, সমাজ উন্নয়ন বিশেষজ্ঞ শ্রীমতী জয়তী শেঠি,    সমাজ উন্নয়ন বর্ধিত মেয়াদী পরামর্শদাতা সাবিনা পারভীন, পরামর্শক মোহাম্মদ আবদুস সবুর ও তানজিনা রহমান।

বিশ্ব ব্যাংক রোহিঙ্গা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 04:44

URL: https://timestodaybd.com/chittagong/1275567305